# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -২৭৯ (৪০) তারিখ ঃ ২৭ চৈত্র ১৪৩১। / ১০ এপ্রিল ২০২৫।

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১৭ এপ্রিল, ২০২৫ তারিখ বৃহস্পতিবার বেলা ০৮:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের এপ্রিল, ২০২৫ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ১৬-০৪-২০২৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

১০/০৪/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

১০/০৪/২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৬) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) জনাব..........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -২৭৯ (৪০)/১(৪) তারিখ ঃ ২৭ চৈত্র ১৪৩১। / ১০ এপ্রিল ২০২৫।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।
৪। অফিস নথি।

১০/০৪/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

১০/০৪/২৫

# উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : এপ্রিল, ২০২৫ সভার তারিখ: ১৭/০৪/২০২৫, সময় : বেলা- ০৩.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01745763080 | | |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01718455198 | ulophulbari@dls.gov.bd | |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01716410506 | Raih[illegible]98@gm[illegible] | |
| ৬ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01763-204772 | | |
| ৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01718996474 | ueofulbari@gmail.com | |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01723321723 | piofulbari23@gmail.com | |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01743069747 | | |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01719597788 | upazilaphulbari@gmail.com | |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01724913930 | uwaofulbari@gmail.com | |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | | |
| ১৭ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01723134047 | | |

### উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : এপ্রিল, ২০২৫ সভার তারিখ: ১৭/০৪/২০২৫, সময় : বেলা- ০৩.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01720047348 | | [signature] |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | [signature] |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ০১৭৭৭৬৭৭১৫০ | | [signature] |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01734163808 | | [signature] |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**<u>এপ্রিল, ২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী</u>**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রেহেনুমা তারান্নুম<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ১৭ এপ্রিল, ২০২৫। |
| সময় | ঃ | বেলা ০৩.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক,উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**<u>আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী)</u>** <u>আলোচনা :</u>

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। দুধ, ডিম, মাংসের বাজার নিয়ন্ত্রণ রোধে প্রতিনিয়ত বাজার মনিটরিং চলমান রয়েছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত এপ্রিল, ২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২৯৩৯টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২০৪১১টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>১১৭৬ টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৬৭০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৪৮৫টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১৭৭ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৩টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>৮০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১ একর</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ প্রদান</td><td>৮০ জন</td></tr>
<tr><td>১১</td><td>খামার/ফিড মিল/হ্যাচারী পরিদর্শন</td><td>১২টি</td></tr>
<tr><td>১২</td><td>পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>০৫</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর অন্যান্য রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করাসহ প্রতিনিয়ত বাজার মনিটরিং কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর মাঝে আউশ ধান বীজ ও সার বিতরণ করা হয়েছে।<br>(খ) মাঠে দণ্ডায়মান বোরো ধানসহ অন্যান্য ফসলের বর্তমান অবস্থা ভালো।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/২)

উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৪৬০ তারিখ-২৩/০১/২০২৫খ্রিঃ মূলে চলতি ২০২৪-২০২৫খ্রিঃ অর্থবছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামতের লক্ষ্যে ৪০,০০,০০০/- টাকা মাত্র (উপজেলা উন্নয়ন সহায়তা) বরাদ্দ পাওয়া গেছে। উক্ত টাকার মধ্যে নিম্নবর্ণিত প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য গত ২০/০২/২০২৫খ্রি : তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদিত হয়েছে।

১। বাসা-বাড়ী সমূহের সামনে সোলার স্ট্রীট লাইট ও বসার ব্রেঞ্চ স্থাপন করণ।
বরাদ্দ টাকা=২০০০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১। মো: আব্দুল মালেক সরদার | ইউপি সদস্য(ভাঙ্গামোড়) | সভাপতি |
| ২। মোঃ আরিফুর রহমান | সমাজ সেবক | সদস্য সচিব |
| ৩। মোঃ আব্দুল মতিন মিয়া | শিক্ষক | সদস্য |
| ৪। মোঃ হাসানুর রহমান | ঈমাম | সদস্য |
| ৫। মোঃ মজিবর রহমান | বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

বর্তমানে বাস্তবতার আলোকে উল্লেখিত প্রকল্পটির পরিবর্তে উপজেলা পরিষদ নন-গেজেটেড কোয়ার্টার (পুরাতন USEO) এর সামনে সিসি রাস্তা নির্মাণসহ বসার ব্রেঞ্চ স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং বর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে সভায় অনুরোধ করা হলো।

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২৪-২০২৫খ্রিঃ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির(এডিপি) আওতায় অনুমোদিত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য ০৩টি দরপত্র আহবান করা হয়েছে এবং দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশনার জন্য নিম্নবর্ণিত ০৩টি পত্রিকার বিজ্ঞাপন ম্যানেজারকে অনুরোধ জানানো হয়েছে। সংশ্লিষ্ট বিজ্ঞাপন ম্যানেজার কর্তৃক যথাসময়ে বিজ্ঞপ্তি প্রকাশনার পর বিজ্ঞাপন বিল দাখিল করা হয়েছে।

| | |
|---|---|
| ১। বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক বাংলার মানুষ কুড়িগ্রাম। | = ১১,৭৭৬/- টাকা |
| ২। বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক সকালের কাগজ কুড়িগ্রাম। | = ৮,৮৩২/- টাকা |
| ৩। বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক কুড়িগ্রাম খবর কুড়িগ্রাম। | = ১৪,৭২০/- টাকা |
| | = ৩৫,৩২৮/- টাকা |

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে উল্লেখিত বিলসমূহ পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

(চলমান পাতা/৩)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয় এবং পিরানহা মাছ ও আফ্রিকান মাগুরের ব্যাপারে সতর্ক করা হয়। ০১ নভেম্বর ২০২৪ হতে আগামী ৩০ জুন ২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ ধরা, ক্রয় এবং বাজারজাতকরণ নিষিদ্ধ। মৎস্য চাষির পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। ৬ষ্ঠ শ্রেণি থেকে ১১শ/সমমান শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির তথ্য এন্ট্রির কার্যক্রম চলমান।<br>৩। ২০২৫ সালের এসএসসি/সমমান পরীক্ষার পরিদর্শন কার্যক্রম চলমান।<br>৪। PBGSI স্কিমের আওতায় স্কুল/কলেজ/মাদ্রাসা ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG) ও উপজেলা শ্রেষ্ঠ শিক্ষক পুরস্কার (UBTA/TBTA) এর সুবিধাভোগী নির্বাচনের কার্যক্রম চলমান।<br>৫। ২০২৫ শিক্ষাবর্ষের বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রাপ্ত ও বিতরণ কার্যক্রম চলমান।<br>৬। শিক্ষা প্রতিষ্ঠান সমূহে যুব রেড ক্রিসেন্ট দল গঠন কার্যক্রম চলমান।<br>৭। সেরা সাঁতারুর খোঁজে বাংলাদেশ-২০২৫ শীর্ষক সুইমার ট্যালেন্ট হান্ট কার্যক্রম চলমান।<br>৮। প্রতিভাবান ক্ষুদে ক্রিকেটারদের সন্ধানে (পিকেসিএসবিডি) ক্রিকেট ট্যালেন্ট হান্ট- ২য় পর্ব বাস্তবায়ন কার্যক্রম চলমান।<br>৯। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook, WhatsApp এর মাধ্যমে "ফুলবাড়ী কুড়িগ্রাম শিক্ষা পরিবার" গ্রুপ থেকে তথ্য আদান প্রদান চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। সাবক্লাস্টার প্রশিক্ষণ চলমান।<br>২। প্রথম পর্যায়ের SLIP অর্থের কাজ শেষ পর্যায়ে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৪)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। গত মাসে ৮৬,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>১। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ ফেরত প্রদান কার্যক্রম চলমান রয়েছে এবং ২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের অনলাইনের আবেদন প্রক্রিয়াধীন রয়েছে।<br>২। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “মা ও শিশু সহায়তা” কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন চলমান রয়েছে (প্রতি ইউনিয়ন প্রতিমাসে ০৯ জন করে উপকারভোগী নির্বাচন করা হয়)।<br>৩। অত্র কার্যালয়ে রাজস্ব ডব্লিউটিসি (সেলাই প্রশিক্ষণ) চলমান রয়েছে (এপ্রিল/২০২৫ হতে জুন/২০২৫ পর্যন্ত ২য় ব্যাচে ৩০ জন করে প্রশিক্ষণার্থী চুড়ান্ত করা হয়েছে।<br>৪। অত্র উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা, সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ হারুন অর রশিদ, চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন এর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে ফুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ | জনাব মো: হাছেন আলী, চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন মৃত্যু এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, নাওডাঙ্গা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৫)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মো: শরীফুল আলম মিয়া, চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন মৃত্যু এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | আলোচনান্তে শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, শিমুলবাড়ী, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ | জনাব মো: মোহাম্মদ আলী শেখ, চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তাঁর পরিষদ কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | চেয়ারম্যান ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। ইউপি চেয়ারম্যান, ভাঙ্গামোড়, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| কাশিপুর ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ মনিরুজ্জামান মিয়া, চেয়ারম্যান, কাশিপুর ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধন এর কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি আরো জানান যে, কাশিপুর ইউনিয়নে জাইগীরটারী আনসার মাষ্টার এর বাড়ির পাশে জেলা পরিষদের ০১ (এক)টি গাছ ঝড়ে পড়ে গেছে এবং কাশেম বাজার এর মাঝখানে ঝুকিপূর্ণ মরা গাছ কর্তন করার জন্য অনুরোধ জানান। গাছ কর্তনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে কাশিপুর ইউনিয়ন পরিষদে জন্ম মৃত্যু নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখা এবং জেলা পরিষদের ০১ (এক)টি গাছ ঝড়ে পড়া ও কাশেম বাজার এর মাঝখানে ঝুকিপূর্ণ মরা গাছ কর্তনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উপজেলা ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্রকে যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুত করার জন্য জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, কাশিপুর, ফুলবাড়ী কুড়িগ্রাম।<br>২। ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| বড়ভিটা ইউনিয়ন পরিষদ | প্রশাসনিক কর্মকর্তা, বড়ভিটা ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তাঁর পরিষদ কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | প্রশাসনিক কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। ইউপি প্যানেল চেয়ারম্যান, বড়ভিটা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদের জনাব মোঃ সেলিম মিয়া ও জনাব মোঃ রবিউল ইসলাম, অফিস সহায়ক এর চাকরিকাল ০৫/০২/২০১৫ হতে এখন পর্যন্ত সন্তোষজনকভাবে ১০(দশ) বৎসর অতিক্রান্ত হয়েছে। সরকারি চাকরি বিধি অনুযায়ী স্থায়ীকরণের লক্ষ্যে পৃথক দুঃখানা আবেদনপত্র দাখিল করেছেন। তিনি বর্ণিত কর্মচারীদ্বয়ের আবেদনপত্র দুঃখানা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | ফুলবাড়ী উপজেলা পরিষদের অফিস সহায়ক জনাব মোঃ সেলিম মিয়া ও জনাব মোঃ রবিউল ইসলাম এর চাকরিকাল সন্তোষজনকভাবে ১০(দশ) বৎসর অতিক্রান্ত হয়েছে। সরকারি চাকরি বিধি অনুযায়ী স্থায়ীকরণের লক্ষ্যে দাখিলকৃত আবেদনপত্র, চাকরি বহি অনুযায়ী দেখা যায় কর্মচারীদ্বয় ০৫/০২/২০১৫ হতে এখনো চাকরি স্থায়ী হয়নি। এ অবস্থায় স্থায়ীকরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্বরে নির্মিত সোলার স্ট্রীট লাইট স্থাপন করা হয়েছে। কিন্তু পর্যাপ্ত সূর্যের আলো না পাওয়ায় উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত গাছের ডাল কর্তনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং উপজেলা প্রাণিসম্পদ অফিস সংলগ্ন ও কৃষি অফিসে যাতায়তের বিঘ্ন হওয়ায় রাস্তার মাঝে ০১(এক)টি মেহগণি গাছ ও মৎস্য অফিসের সামনে মরা বকুল ফুলের গাছ কর্তনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ চত্বরে নির্মিত সোলার স্ট্রীট লাইট স্থাপন করা হয়েছে। কিন্তু পর্যাপ্ত সূর্যের আলো না পাওয়ায় উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত গাছের ডাল কর্তন এবং উপজেলা প্রাণিসম্পদ অফিস সংলগ্ন ও কৃষি অফিসে যাতায়তের বিঘ্ন হওয়ায় রাস্তার মাঝে ০১(এক)টি মেহগণি গাছ ও মৎস্য অফিসের সামনে মরা বকুল ফুলের গাছ কর্তনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং উপজেলা প্রকৌশলী ও ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্রকে যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুত করার জন্য বলা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>৩। উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>৪।ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৬)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদের আওতাধীন ১৫টি হাট-বাজার ১৪৩২ বাংলা সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের জন্য হাট বাজার ইজারা প্রদান সংক্রান্ত নীতিমালানুযায়ী একটি স্থানীয় পত্রিকা 'দৈনিক কুড়িগ্রাম খবর" এবং একটি জাতীয় পত্রিকা "দৈনিক সমকাল" ০২/০২/২০২৫ তারিখে বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হয়। পত্রিকা দু'টির প্রচারণা বিল বাবদ "দৈনিক কুড়িগ্রাম খবর" পত্রিকার = ২২,০৮০/-টাকা এবং "দৈনিক সমকাল" পত্রিকার=৩১,০৫০/-টাকা সর্বমোট ২২,০৮০+৩১,০৫০=৫৩,১৩০/- (তেপ্পান্ন হাজার একশত ত্রিশ) টাকার বিল (ভ্যাট ও আয়করসহ) পাওয়া গেছে। উক্ত পত্রিকা দু'টির বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪৩২ বাংলা সনের জন্য হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের জন্য দুটি পত্রিকার বিল বাবদ দাখিলকৃত ভ্যাট ও আয়করসহ সর্বমোট ৫৩,১৩০/-(তেপ্পান্ন হাজার একশত ত্রিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪৩২ বাংলা সনের জন্য হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের জন্য 'দৈনিক কুড়িগ্রাম খবর" এবং "দৈনিক সমকাল" পত্রিকার বিল বাবদ দাখিলকৃত ভ্যাট ও আয়করসহ সর্বমোট ৫৩,১৩০/- (তেপ্পান্ন হাজার একশত ত্রিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | উপজেলা নির্বাহী অফিসার ইউনিয়ন ভূমি অফিস, ফুলবাড়ী কুড়িগ্রামের ১১/০৩/২০২৫ তারিখের ৪৬নং স্মারকে দাখিলকৃত উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১৪৩১ সনের ১০.৮২ একর জমির ১৩,১৪০/-(তেরো হাজার একশত চল্লিশ) টাকার ভূমি উন্নয়ন করের বিল দাখিল করেছেন। তিনি উপজেলা পরিষদ ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঢ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ এবং হ্যালিপ্যাডের ১৪৩১ সনের ভূমি উন্নয়ন কর বাবদ ১৩,১৪০/-(তেরো হাজার একশত চল্লিশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যাবে মর্মে সভায় মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে উপজেলা পরিষদ ১৪৩১ সনের ভূমি উন্নয়ন কর বাবদ ১৩,১৪০/-(তেরো হাজার একশত চল্লিশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, উপজেলা পরিষদ হলরুম, আনসার সেডে ব্যবহৃত এপ্রিল/২০২৫ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ = ১৪,৬৩০/- (চৌদ্দ হাজার ছয়শত ত্রিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় আলোচনান্তে উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, উপজেলা পরিষদ হলরুম, আনসার সেডে ব্যবহৃত এপ্রিল/২০২৫ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ= ১৪,৬৩০/- (চৌদ্দ হাজার ছয়শত ত্রিশ) টাকার বিল পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ২। ২০২৪-২০২৫ অর্থবছরে মার্চ, ২০২৫ মাসে উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে। এ কাজে ২(দুই) ধাপে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে ব্যয় হয়েছে (২৫,০০০+২৫,০০০) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩। (ভ) ক্রমিক অনুযায়ী উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন বাবদ ব্যয়কৃত অর্থ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন বাবদ ব্যয়কৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ৩। ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত করা হয়েছে। এ কাজে ২(দুই) ধাপে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে ব্যয় হয়েছে (২৫,০০০+২৫,০০০) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। সভায়.উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩। (ঞ) ক্রমিক অনুযায়ী উপজেলা পরিষদের কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ ব্যয়কৃত অর্থ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদের কম্পিউটার, ফটোকপিয়ার মেশিন রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ ব্যয়কৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনসহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৪/২৫

(রেহেনুমা তারান্নুম)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭. ৪৯১৮.০০০.০৩.০ ০১. ২৩- ৩০৪ তারিখ ঃ ০৮ বৈশাখ ১৪৩২। / ২১ এপ্রিল ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ........................................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৮। উপজেলা.....................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। জনাব................................................................, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস নথি।

21/04/25

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

21/04/25